রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগষ্ট ২৮, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ২রা ভাদ্র, ১৩৯৮/১৮ই আগষ্ট, ১৯৯১

এস, আর, ও নং ২৫২-আইন/৯১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ) বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকারকে এবং কোন পদ অথবা পদশ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদের যোগ্যতা ;



মূল্য : টাকা ৩.০০

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়/বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক, কমিশনের সহিত পরামর্শক্রমে, বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণের মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং, সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কতৃক গঠিত মেডিক্যাল/বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়ুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে; এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূণ হওয়ার পর নিয়োগকারী র্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ--

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ-বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

শফিউল আলম

সচিব।

তফসিল

[২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক | .. | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে প্রেষণের মাধ্যমে। | যুগ্ম-পরিচালক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ২ | যুগ্ম-পরিচালক | ... | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে প্রেষণের মাধ্যমে। | উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩ | উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা] | .. | পদোন্নতির মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪ | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | ৩৫% পদোন্নতির মাধ্যমে এবং ৬৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—<br>(ক) পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(খ) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, সমাজ বিজ্ঞান ও গণিতে ১ম শ্রেণীর মাষ্টার ডিগ্রী অথবা ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাষ্টার ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণের মাধ্যমে। | হিসাব রক্ষক, উচচমান সহকারী অথবা ষ্টেনো-গ্রাফার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ৬ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরি-সংখ্যান, ভূগোল, গণিত ও সমাজ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ৭ | কম্পিউটার অপারেটর | ঐ | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (বিজ্ঞান) ডিগ্রী। তৎসহ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৮ | সহকারী গ্রন্থাগারিক | ঐ | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং গ্রন্থাগার বিজ্ঞানে সরকার কর্তৃক স্বীকৃত কোন ইনষ্টিটিউট হইতে ডিপ্লোমা বা প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৯ | হিসাবরক্ষক | .. | পদোন্নতির মাধ্যমে এবং পদো-ন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | বিল করণিক হিসাবে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সাঁটলিপিকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সাঁটলিপিতে ইংরেজীতে ও বাংলায় যথাক্রমে ১০০ ও ৭০ শব্দের গতিসম্পন্ন এবং টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩৫ ও ৩০ শব্দের গতিসহ স্বীকৃত বোর্ড হইতে এইচ. এস, সি পাশ। |
| ১১ | উচ্চমান সহকারী | ঐ | পদোন্নতির মাধ্যমে | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১২ | সাঁট-মুদ্রাক্ষরিক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৬০ শব্দের গতি এবং টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি-সহ স্বীকৃত বোর্ড হইতে এইচ, এস, সি পাশ। |
| ১৩ | টেলিফোন অপারেটর | ঐ | ঐ | স্বীকৃত বোর্ড হইতে এইচ, এস, সি, পাশ। অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ১৪ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ঐ | ঐ | টাইপিং-এ ইংরেজী ও বাংলায় যথাক্রম ৩০ ও ২০ শব্দের গতিসহ স্বীকৃত বোর্ড হইতে এইচ, এস, সি পাশ। |
| ১৫ | বিল করণিক | ঐ | ঐ | স্বীকৃত বোর্ড হইতে এইচ, এস, সি পাশ। |
| ১৬ | গেষ্টেটনার অপারেটর | ঐ | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৩(তিন) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্বীকৃত বোর্ড হইতে এস, এস, সি পাশ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|
| ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। ড্রাইভিং-এ দুই বৎসরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। |
| এম, এল, এস, এস | ঐ | ঐ | শারীরিক দক্ষতাসহ অষ্টম শ্রেণী পাশ। |
| দারোয়ান | ঐ | ঐ | ঐ |
| ঝাড়ুদার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ। |

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।